

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫২২৮

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ التَّالِثُ

## আরবী

وَعَنِ ابْنِ مَسْعُودٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: تَلَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَمَنْ يُرِدِ اللَّهُ أَنْ يَهْدِيَهُ يَشْرَحْ صَدْرَهُ لِلْإِسْلَامِ) فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ النُّورَ اللَّهُ أَنْ يَهْدِيَهُ يَشْرَحْ صَدْرَهُ لِلْإِسْلَامِ) فَقَالَ رَسُولُ اللَّهِ مَلْ لِتِلْكَ مِنْ عِلْمٍ يُعْرَفُ بِهِ؟ قَالَ: «نَعَمْ إِذَا دَخَلَ الصَّدْرَ انْفَسَحَ». فَقِيلَ: يَا رَسُولَ اللَّهِ هَلْ لِتِلْكَ مِنْ عِلْمٍ يُعْرَفُ بِهِ؟ قَالَ: «نَعَمْ التَّجَافِي مِنْ دَارِ الْغُرُورِ وَالْإِنَابَةُ إِلَى دَارِ الْخُلُودِ وَالِاسْتِعْدَادُ لِلْمَوْتِ قبل نُزُوله»

اسناده ضعیف جذا ، رواه البیهقی فی شعب الایمان (10552 ، نسخۃ محققۃ : 10068 ) \* عدی بن الفضل : متروک ۔

(ضَعِيف)

#### বাংলা

৫২২৮-[৭৪] ইবনু মাস্উদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ (সা.) এ আয়াতটি পাঠ করলেন : (فَمَن اللهُ أَن اللهُ اللهُ اللهُ مَذَا اللهُ ا

# ফুটনোট

সানাদ যঈফ : যাহাবী (রহিমাহুল্লাহ) বলেন, 'আত্বা ইবনু ফাফুল সাকিত, আলবানী (রহিমাহুল্লাহ) বলেন : 'আত্বা



ইবনু ফাযল-এর শায়খ মাস্'উদ মুখতালাত্ব, শুআবুল ঈমান ১০৫৫২।

### ব্যাখ্যা

ব্যখ্যা : (إِنَّ النُّورَ إِذَا دَخَلَ الصَّدْرَ انْفُسَحَ) যখন অন্তরে হিদায়াতের নূর প্রবেশ করে তখন তা প্রশস্ত এ উন্মুক্ত হয়ে যায়। এ বাক্যের ব্যাখ্যা দিতে গিয়ে মুল্লা আলী কারী (রহিমাহুল্লাহ) বলেন, তার অন্তর এমনভাবে প্রশন্ত হয়ে যায় যে, ইসলামের বিধানাবলী সে অতি সহজে গ্রহণ করে নেয় এবং এগুলো অনুশীলনে এক স্বর্গীয় স্বাদ অনুভব করে।

হিদায়াতের নূরে আলোকিত এবং উন্মুক্ত অন্তরের চিহ্ন হলো:

- ১. প্রতারণার ঘর থেকে দূরে থাকা। প্রতারণার ঘর হলো দুনিয়া। আল্লাহ বলেন :(فَلَا تَغُرَّنَّكُمُ السَّحَيٰوةُ الدُّنايَا)
  "অতঃপর দুনিয়ার জীবন তোমাদেরকে যেন ধোঁকায় না ফেলে….।" (সূরা লুকমান ৩১ : ৩৩)
- ২. চিরস্থায়ী ঘরের দিকে ঝুঁকে পড়া। অর্থাৎ পরিপূর্ণ এবং একান্তভাবে আখিরাতমুখী হওয়া।
- ৩. আর মৃত্যুর জন্য প্রস্তুত হওয়া, এর অর্থ হলো মৃত্যুর পূর্বেই তাওবা-ইস্তিগফার এবং "ইবাদতের প্রতিযোগিতায় সাধ্যমত সময় ব্যয় করা। মৃত্যুর পূর্ব হলো বার্ধক্য, অসুস্থতা ইত্যাদি যে সময় স্বাভাবিক 'ইবাদাত-বন্দেগী করা সম্ভব হয় না। (মিরকাতুল মাফাতীহ; আল কাশিফ ১০ম খণ্ড, ৩৩০৮ পূ.; আল লু'আহ্ ৮ম খণ্ড, ৪৫২ পূ.)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন